রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৪, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২৯ ভদ্র ১৪১০ বাং/১৩ সেপ্টেম্বর ২০০৩ইং

এস, আর, ও, নং ২৭১-আইন/২০০৩—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর section-4 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭ শে ডিসেম্বর, ১৯৯৮ইং তারিখের এস, আর, ও, নং ২৯৩-আইন/৯৮ এবং ৯ই জুলাই, ২০০১ তারিখের এস, আর, ও নং ১৮৭-আইন/২০০১ বাতিলক্রমে, এতদদ্বারা নিম্নরূপ আদেশ জারী করিল ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন।—(১) এই আদেশ স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরে পৃথক চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা আদেশ, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা জানুয়ারী, ২০০৪ ইং/১৮ই পৌষ, ১৪১০ বাং হইতে কার্যকর হইবে।

২।পৃথক চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা গঠন।—সরকার, স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের চাকুরীর বিদ্যমান সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসক্রমে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের জন্য পৃথক চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা গঠন করিল, যথা ঃ—

(ক) ২৭শে ডিসেম্বর, ১৯৯৮ ইং তারিখের এস, আর, ও নং ২৯৩-আইন/৯৮ জারী হইবার অব্যবহিত পূর্বে বিদ্যমান স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপজেলা ও উহার নিম্ন পর্যায়ের চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা পুনঃপ্রবর্তিত হইবে ;



মূল্য ঃ টাকা ১·০০

(খ) ৯ই জুলাই, ২০০১ ইং তারিখের এস, আর, ও, নং ১৮৭-আইন-/২০০১ জারী হইবার অব্যবহিত পূর্বে বিদ্যমান জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা পুনঃপ্রবর্তিত হইবে ;

(গ) পৃথক চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনার কারণে স্বাস্থ্য অধিদপ্তর কিংবা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারীর বিদ্যমান বেতন, ভাতা ও অন্যান্য আইনগত সুবিধাদি হ্রাস বা সংকুচিত করা যাইবে না ;

(ঘ) পৃথক চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীদের যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিধিগত বিষয় বিবেচনাক্রমে যথাযথভাবে পদায়ন, নিয়োগ বা বদলী করা যাইবে ;

(ঙ) পৃথক চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা কার্যকর হওয়ার পর উন্নয়ন খাতভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ বিধি মোতাবেক রাজস্বখাতের অধীনে স্থানান্তরিত হইলে তাঁহাদের বেতন, ভাতা ও আনুষংগিক সুবিধাদি বিদ্যমান জাতীয় বেতন স্কেল ও সরকার কর্তৃক এ বিষয়ে জারীকৃত আদেশ নির্দেশের সাথে সংগতি রাখিয়া নির্ধারিত হইবে।

৩। **বেতনভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদির খাত।**—স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বর্তমানে যে খাত হইতে বেতন, ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি গ্রহণ করিয়া থাকে, সরকার কর্তৃক ভিন্নরূপ আদেশ জারী না করা পর্যন্ত পৃথক চাকুরী কাঠামোর আওতাধীন কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত একই খাত হইতে বেতন ভাতা গ্রহণ করিবেন।

৪। **ব্যাখ্যা প্রদান ইত্যাদি।**—এই আদেশ পূর্ণাংগরূপে বাস্তবায়নের প্রয়োজনে, উহাতে উল্লিখিত কোন বিষয়ে অথবা উহাতে উল্লিখিত হয় নাই এমন কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হইলে সরকার আদেশ দ্বারা সেই বিষয়ে ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহঃ ফজলুর রহমান**
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।